BLOODMAN

ব্লাডম্যান

প্রতিষ্ঠান: ব্লাডম্যান
প্রতিষ্ঠাতা: মো: শাহরিয়ার হাসান জিসান এবং আবু সালমান মোহাম্মদ আব্দুল্লাহ
যাত্রা: ২৩ ডিসেম্বর, ২০১৪
ইন্ডাস্ট্রি: হেলথ টেক
ওয়েবসাইট: bloodman.org

বাংলাদেশের প্রথম ডিজিটাল রক্তদান সংস্থা হলো **ব্লাডম্যান**। এই প্ল্যাটফর্মটি রক্তদাতা এবং রক্তগ্রহীতাদের মধ্যে সংযোগ স্থাপন করে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ফেসবুক মেটার সহযোগিতায়, এই প্ল্যাটফর্মটি ফেসবুক ব্লাড ডোনেশন টুল ব্যবহার করে রক্তদান প্রক্রিয়াকে অধিকতর সহজ করার লক্ষ্যে কাজ করছে। এছাড়া, প্রতিষ্ঠানটি হাসপাতালগুলোকে রক্তদাতা খোঁজার জন্য সোশ্যাল মিডিয়া ব্যবহারে প্রশিক্ষণ দিচ্ছে। প্রতিষ্ঠার পর থেকে, ব্লাডম্যান জরুরি পরিস্থিতিতে বন্যা কবলিত এলাকায় ত্রাণ ও বিনামূল্যে চিকিৎসা এবং ঔষধ সহায়তা দিয়ে আসছে ।

ব্লাডম্যানের রয়েছে একটি কল সেন্টার; যার নম্বর ০১৬২৭২৬০৯৩৩। জরুরী সময়ে রক্তের প্রয়োজনে ব্লাডম্যানের কলসেন্টার, হোয়াটসঅ্যাপ বা ফেসবুকে মেসেজ দিলে প্রতিষ্ঠানটি কর্তৃক রক্ত পেতে সহযোগিতা করা হয়। এছাড়া, কেউ যদি রক্ত দান করতে আগ্রহী হয়, তবে ব্লাডম্যানের ওয়েব সাইটে রিকোয়েস্ট ফরম পূরণ করে দিলে মুহূর্তের মধ্যেই বার্তা চলে যায় 'ব্লাডম্যান'-এর কাছে।

অর্থনৈতিক পরিসর ব্লাডম্যান এর বর্তমান মাসিক আয় ৪ লাখ ৫০ হাজার টাকা এবং বার্ষিক রেভিনিউ প্রায় ১কোটি টাকার কাছাকাছি। প্রাথমিকভাবে ৫জন কর্মী নিয়ে শুরু করলেও স্টার্টআপটি বর্তমানে ১১জন দক্ষ কর্মী নিয়ে কাজ করছে এবং মাসিক বেতন প্রায় ৩ লাখ ৫ হাজার টাকা।ব্লাডম্যান ৩৫ লাখ টাকা মূলধন নিয়ে প্রাথমিকভাবে যাত্রা শুরু করে, এবং পরবর্তীতে ২০১৭ সালে ব্র্যাক থেকে ১০ লাখ এবং ২০২০ সালে আইডিয়া প্রকল্প থেকে আরো ১০ লাখ টাকা অনুদান প্রতিষ্ঠানে বিনিয়োগ করে। প্রতিষ্ঠান এর ভ্যালুয়েশন প্রায় ২.১ মিলিয়ন ডলার এবং ২০১৮ এ ব্রেক-ইভেন পয়েন্টে পৌঁছাতে সক্ষম হয়।

ব্যাপ্তি শুরুতে ব্লাডম্যান এর কার্যক্রম ঢাকা কেন্দ্রীক হলেও বর্তমানে তা সারাদেশব্যাপী চালু আছে। বর্তমানে প্রায় ৭ লাখ ৮৩ হাজারেরও বেশি রেজিস্টার্ড রক্তদাতা রয়েছে। প্রতিষ্ঠানটি প্রাথমিকভাবে রক্তদাতা এবং রক্তগ্রহীতার মাঝে সংযোগ স্থাপন করলেও পরবর্তীতে টেলিমেডিসিন এবং হেলথকার্ড সুবিধাও দিচ্ছে সর্বস্তরের মানুষকে। তুরস্ক এম্বাসি, ফেসবুক, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো, ব্র্যাক, বিভিন্ন ব্যাংকসহ বেশ কিছু প্রতিষ্ঠানের সাথে ক্রমাগত কাজ করে যাচ্ছে ব্লাডম্যান। উল্লেখ্য, ব্লাডম্যান প্ল্যাটফর্মটি এখন পর্যন্ত ৭,৪৩,৯৩৭ বারেরও বেশি রক্তদান সফলভাবে সম্পন্ন করেছে, ১,০৩,৫৭২ জনের বেশি মানুষকে টেলিমেডিসিন সেবা দিয়েছে এবং ২৬,২৮৩টির বেশি হেলথ ক্যাম্প আয়োজন করেছে। পাশাপাশি, ১,২৬৯ জনের বেশি ডাক্তারের প্রশিক্ষণ প্রদান এবং ৭৬,৭২৮ জনেরও বেশি মানুষকে ত্রাণ সহায়তা দিয়েছে।

অর্জন ব্লাডম্যান আর্বান ইনোভেশন চ্যালেঞ্জ ২০১৭, ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল অ্যাওয়ার্ড ২০২০, সিএসআর এ্যাওয়ার্ড ২০২২ এবং অন্যান্য এ্যাওয়ার্ড অর্জন করেছে।

টার্গেট গ্রুপ সকল শ্রেণির ১৮-৬৫ বয়সের জনসাধারন।

অপারেশন এরিয়া সমগ্র বাংলাদেশ।

জনবল ১১ জন।

BLOODMAN

Bloodman

Company : Bloodman
Founder : Md Sahariar Hasan Jiisun &
Abu Salman Mohammad Abdullah
Since : 23 December, 2014
Industry : Health Tech
Website : bloodman.org

Bloodman is the first digital blood donation organization in Bangladesh. This platform connects blood donors and blood recipients. In collaboration with the ICT Division and Facebook Meta, the platform is working to make blood donation easier using the Facebook Blood Donation Tool. In addition, the organization is training hospitals to use social media to find blood donors. Since its beginning, Bloodman has been providing relief and free medical and medical assistance to flood-affected areas in emergencies.

Bloodman has a call center; whose number is 01627260933. Bloodman's call center, WhatsApp, or Facebook message for urgent need of blood is assisted by the organization to get blood. Those interested in donating blood can also fill out a request form on the Bloodman website, immediately notifying the organization for quick response.

Financial Status Bloodman's current monthly income is BDT 4 lakh 50 thousand, and annual revenue is around BDT 1 crore. Initially, it started with 5 employees; the startup currently has 11 skilled employees and a monthly salary of around BDT 305,000. Bloodman started with a capital of BDT 35 lakh, followed by BDT 10 lakh from BRAC in 2017 and BDT 10 lac from the iDEA Project in 2020 investing in grant institutions. The company's valuation is around $2.1 million and managed to reach a break-even point in 2018.

Expansion Bloodman's activities were initially concentrated in Dhaka, but they are being conducted throughout the nation. On this platform, there are currently over 7 lakh 83 thousand registered blood donors. Initially, the company links blood donors and recipients, but it eventually offers telemedicine and health card services to people from various backgrounds. Bloodman consistently collaborates with a number of institutions, such as the Turkish Embassy, Facebook, British American Tobacco, BRAC, and several banks. Notably, the Bloodman platform has organized more than 26,283 health camps, conducted more than 7,43,937 blood donations, and given telemedicine services to more than 1,03,572 people. In addition, more than 76,728 people received relief aid, and more than 1,269 doctors received training.

Achievement Bloodman has so far won Urban Innovation Challenge 2017, Dhaka OIC Youth Capital Award 2020, CSR Award 2022 and other awards.

Target Group All categories of 18-65 age group.

Operation Area The whole Bangladesh.

Human Resources 11 Employees